

গ্রাম উন্নয়ন সমিতি গঠনের পদ্ধতি ও প্রক্রিয়া-

গ্রাম উন্নয়ন সমিতি গঠন- গ্রাম উন্নয়ন সমিতি গঠনের জন্য গ্রাম পঞ্চায়েত প্রতি সংসদ এলাকায় গ্রাম সংসদের একটি বিশেষ সভা ডাকবে। ঐ বিশেষ সভার তারিখ, সময় ও স্থান স্থির করে কমপক্ষে ১৫ দিন আগে গ্রাম পঞ্চায়েত নোটিশ জারি করে গ্রাম সংসদের সদস্যদের তথা ভোটারদের জানাতে হবে। সংশ্লিষ্ট সংসদ এলাকায় মাইকে প্রচার করে বা ঢোল সহরত করে বা হ্যাণ্ডবিল ছাপিয়ে বিলি করে সদস্যদের তথা ভোটারদের এ ব্যাপারে জানাতে হবে। এই বিশেষ সংসদ সভায় সভাপতিত্ব করবেন প্রধান, তাঁর অনুপস্থিতিতে উপ-প্রধান এবং দুজনেই অনুপস্থিত থাকলে ওই সংসদের নির্বাচিত গ্রাম পঞ্চায়েত সদস্য। দুইজন সদস্য থাকলে বয়োজ্যেষ্ঠ সদস্য সভাপতিত্ব করবেন। অন্ততঃ ২০ শতাংশ ভোটার উপস্থিত হলে কোরাম হবে। উপস্থিতির হার ২০ শতাংশের কম হলে সভা মূলতুবি হবে এবং প্রথম আহূত সভার পর সপ্তম দিনে অবশ্যই মূলতুবি সভা বসবে। মূলতুবি সভার জন্য গ্রাম পঞ্চায়েত একই ভাবে প্রচার করবে এবং কমপক্ষে দশ শতাংশ ভোটার উপস্থিত হলে সভায় কোরাম হবে। সভায় উপস্থিত সদস্যরা হাজিরা খাতায় সই করবেন।

গ্রাম সংসদ এলাকায় যে কোন প্রকাশ্য স্থানে এই বিশেষ সভা বসবে। বিশেষ সভায় উপস্থিত সদস্যরা হাত তুলে বা সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে গ্রাম উন্নয়ন সমিতির সদস্যদের নির্বাচিত করবেন। গ্রাম পঞ্চায়েত তার কর্মচারীদের মধ্য থেকে (গ্রাম পঞ্চায়েত কর্মী বাদে) বিশেষ সভার জন্য প্রিসাইডিং অফিসার নিয়োগ করবেন। প্রিসাইডিং অফিসার বিশেষ সভার কার্যবিবরণী রেজিষ্টারে লিখবেন। যাঁরা নির্বাচিত হবেন তাঁদের নামগুলিও ঐ রেজিষ্টারে লিখবেন। বিশেষ সভা শেষ হওয়ার আগে সাবাইকে নামগুলি পড়ে শোনাবেন এবং সব শেষে রেজিষ্টারে সই সরবেন।

ব্লক উন্নয়ন আধিকারিক এবং পঞ্চায়েত সমিতির কার্য নির্বাহী আধিকারিক প্রয়োজন মনে করলে গ্রাম সংসদের বিশেষ সভায় সম্প্রসারণ আধিকারিকের (এক্সটেনশন অফিসার) পদমর্যাদার একজন পরিদর্শককে পাঠাবেন। সভায় উপস্থিত থেকে তিনি কার্যবিবরণী পরিদর্শন করবেন এবং সভা অনুষ্ঠিত হওয়ার এক সপ্তাহের মধ্যে লিখিত রিপোর্ট পেশ করবেন। রিপোর্টটিতে তিনি সই করে শীলমোহর লাগাবেন এবং ব্লক উন্নয়ন আধিকারিক ও পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিকের নিকট জমা দেবেন। গ্রাম উন্নয়ন সমিতিতে সদস্যদের নির্বাচনে কোন বিতর্ক বা জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত বিষয়টি ব্লক উন্নয়ন আধিকারিক এবং পঞ্চায়েত সমিতিতে কার্য নির্বাহী আধিকারিককে জানাবেন সিদ্ধান্ত গ্রহণের জন্য।

গ্রাম উন্নয়ন সমিতির সদস্যঃ-

সংসদ এলাকার সব ধরনের মানুষ থাকবে এই সমিতিতে। তাঁরা হলেন (ক) সেই সংসদে নির্বাচিত পঞ্চায়েত সদস্য এক বা দুইজন, (খ) যিনি বা যাঁরা বিগত পঞ্চায়েত নির্বাচনে দ্বিতীয় সর্বাধিক ভোট পেয়েছেন, (গ) এলাকায় কর্মরত কোন স্বেচ্ছাসেবী সংস্থা (নিবন্ধীকৃত বা রেজিস্টার্ড অথবা রাজ্য সরকার দ্বারা অনুমোদিত) এবং অন্যান্য সমষ্টিভিত্তিক সংগঠন, যেমন- সমবায় কৃষি উন্নয়ন সমিতি, গ্রাম শিক্ষা কমিটি, অঙ্গনওয়াড়ী কেন্দ্র, শিশুশিক্ষা কেন্দ্রের পরিচালন সমিতি, জলবিভাজিকা কমিটি, জল ব্যবহার কারী কমিটি, বনরক্ষা কমিটি ইত্যাদি যে সংস্থাগুলি ঐ সংসদ এলাকায় কাজ করছে তাদের মধ্যে থেকে একজন করে অনধিক তিনজন সদস্যকে নির্বাচিত করবে। এই সদস্যদেরকে অবশ্যই গ্রাম সংসদের সদস্য অর্থাৎ ভোটার হতে হবে, (ঘ) গ্রাম-সংসদ এলাকায় অন্তত ছয় মাস কাজ করছে এবং ব্যাংক অ্যাকাউন্ট আছে এমন স্বনির্ভর দলগুলি যাদের সব সদস্যরা গ্রামসংসদের সদস্য তথা ভোটার এমন দলগুলি থেকে একজন করে মোট তিনজন পর্যন্ত সদস্য নির্বাচিত হবেন। এই স্বনির্ভর দলগুলি এস.জি.এস.ওয়াই অথবা অন্য কোন প্রকল্পের অধীনে গঠিত হতে পারে এবং স্বনির্ভর দলগুলি থেকে নির্বাচিত মোট তিনজনসদস্যের মধ্যে অন্ততঃ দুইজন সদস্য মহিলা পরিচালিত স্বনির্ভর দলের সদস্য হবেন, (ঙ) সংসদ এলাকায় বসবাসকারী এবং ভোটার এমন অবসরপ্রাপ্ত বা কর্মরত সরকারী কর্মচারীদের মধ্য থেকে একজন সদস্য নির্বাচিত হবেন, (চ) সংসদ এলাকায় বসবাসকারী এবং ভোটার এমন অবসরপ্রাপ্ত বা কর্মরত শিক্ষকদের মধ্য থেকে একজন নির্বাচিত হবেন, (ছ) সংসদের মোট ভোটারদের সংখ্যার এক শতাংশ অথবা দশজন- এই দুইয়ের মধ্যে যেটা বেশি হবে সেই সংখ্যক সদস্য বাকী সংসদ ভোটারদের মধ্য থেকে নির্বাচিত হবেন। গ্রাম উন্নয়ন সমিতির মোট সদস্য সংখ্যার এক তৃতীয়াংশ অবশ্যই মহিলা হবেন।

গ্রাম উন্নয়ন সমিতির একজন সভাপতি ও সচিব থাকবেন। সংসদে নির্বাচিত বয়োজ্যেষ্ঠ পঞ্চায়েত সদস্য গ্রাম উন্নয়ন সমিতির সভাপতি হবেন। গ্রাম উন্নয়ন সমিতি প্রথম মিটিংয়ে নির্বাচিত সদস্যদের মধ্য থেকে একজন সদস্যকে সচিব হিসাবে মনোনীত করবেন।